

অভিযোগ প্রতিকার ব্যবস্থায় গৃহীত আবেদন সংক্রান্ত প্রতিবেদন
মাসের নাম: জানুয়ারি/২০২২

জানুয়ারি/২০২২ মাসে প্রাপ্ত আবেদনের সংখ্যা : ০০টি

মোট অনিষ্পন্ন আবেদনের সংখ্যা (বর্তমানমাসসহ) : ০০টি


জানুয়ারি/২০২২ মাসে নিষ্পন্ন আবেদনের সংখ্যা : ০১টি

অভিযোগ প্রতিকার ব্যবস্থায় নিষ্পন্ন আবেদন সংক্রান্ত প্রতিবেদন

ক্রমিক নং	আবেদনকারীর নাম ও ঠিকানা	আবেদনের তারিখ	আবেদনের বিষয় ও বিস্তারিত বিবরণ	আবেদনকারীকে নিষ্পত্তি সংক্রান্ত জবাব / মন্তব্য
০১.	Md. Khandakar Safarou Zaman 225/C, East Nakhal Para, Tejgoan Dhaka	১১.১২.২০২১	<p>বিষয়: ক্ষতি পূরনের অর্থ প্রাপ্তির পর সকল স্থাপনা ও অবকাঠামো এবং অন্য স্থানে স্থান্তরিত হওয়ার জন্য ৯০ দিনের</p> <p>বিস্তারিত বিবরণ:</p> <p>জনাব বিনীত নিবেদন এই যে, আমরা আবেদনকারী সিটি দাগ নং ২৫৫৩ (বাড়ি) এর ওয়ারিশ সুত্রে মালিক। ঢাকা জেলা প্রশাসকের কতৃক আমাদের উক্ত সম্পত্তি গত ০৪-০২-২০২১ তারিখে ৪ ধারা নোটিশের মাধ্যমে ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের পিপিপি (অতিরিক্ত-৩) প্রকল্পটি বাস্তবায়নের জন্য জনপ্রয়োজন ও জনসার্থমূলক উদ্দেশ্যে উক্ত সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল এর নোটিশ প্রেরন করা হয় যার এল,এ,কেস নংঃ ০৩.১৫.১১/২০২০-২০২১। পরবর্তীতে ১২-০৯-২০২১ তারিখে ৭ ধারা ও ৭-১১-২০২১ তারিখে ৮ ধারা নোটিশ প্রেরন করা হয়। গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনসার্থমূলক প্রকল্পের উন্নয়নের সার্থে আমরা কোন প্রকার অজুর-আপত্তি করি নাই। আমরা , ক্ষতিপূরনের অর্থ প্রাপ্তির জন্য আবেদন করিয়াছি এবং উক্ত ক্ষতিপূরনের আবেদনটি প্রক্রিয়াধীন অবস্থায় আছে। এখন পর্যন্ত আমরা ক্ষতিপূরনের অর্থ প্রাপ্ত হই নাই। কিন্তু কতিপয় কতৃপক্ষের পরিচয়দানকারী বাংলাদেশ সেনাবাহিনীর ২৪ ইঞ্জিনিয়ারিং বিগ্রেড আমাদেরকে কোন অফিসিয়াল নোটিশ ছাড়াই মৌখিক ভাবে আগামী ৩১-১২-২০২১ তারিখের মধ্যে উচ্ছেদের নোটিশ আমাদের বাড়ি গেইটে লাগিয়ে দেয় যা কোন ভাবেই আমাদের কাছে গ্রহণযোগ্য মনে হয় নাই। এমনঅস্থায় আমরা অসহায় হয়ে পড়েছি। ক্ষতিপূরনের অর্থ প্রাপ্তি ছাড়াই এবং কোন অফিসিয়াল নোটিশ ছাড়াই আমাদেরকে উচ্ছেদ কোন ভাবেই কাম্য নয়। ক্ষতিপূরনের অর্থ প্রাপ্তি পর স্থানান্তর এর জন্য মানবিক দিক বিবেচনায় সরকারের একটি নির্দিষ্ট সময় দেওয়া উচিত বলে আমরা মনে করি। আমরা ক্ষতিগ্রস্থ আবেদনকারীদের কে ক্ষতিপূরনের অর্থ প্রদানের পর হুকুম দখল বুঝিয়ে দেওয়ার জন্য ৯০ দিনের একটি সময়সীমা নির্ধারণ এর জন্য আমরা মানবিক আবেদন করতেছি। আমরা মাননীয় প্রকল্প পরিচালক মহদয়ের কাছে এই মর্মে অঙ্গিকারবদ্ধ হইতেছিযে,</p>	<p>বর্তমান অবস্থা: নিষ্পন্ন।</p> <p>ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পটি বাংলাদেশ সরকারের একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। প্রকল্পের জমি নির্দিষ্ট সময়ের মধ্যে বিনিয়োগকারী প্রতিষ্ঠানকে বাধ্যমুক্ত (free of all encumbrances) অবস্থায় হস্তান্তর করার বাধ্যবাধকতা রয়েছে। অন্যথায় বিলম্বের কারণে বাংলাদেশ সরকারকে বিপুল পরিমাণ অর্থ বিনিয়োগকারী প্রতিষ্ঠানকে জরিমানা দিতে হবে। তাই নির্দিষ্ট সময়ে প্রকল্প বাস্তবায়নের স্বার্থে আপনার আবেদনের প্রেক্ষিতে আগামী ফেব্রুয়ারি/২০২২ সালের মধ্যে আপনাদের স্থাপনাসহ যাবতীয় অবকাঠামো নিজ খরচে এবং নিজ দায়িত্বে অপসারণ করে জমি খালি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।</p>

১

ক্রমিক নং	আবেদনকারীর নাম ও ঠিকানা	আবেদনের তারিখ	আবেদনের বিষয় ও বিস্তারিত বিবরণ	আবেদনকারীকে নিষ্পত্তি সংক্রান্ত জবাব / মন্তব্য
			<p>উক্ত ৯০ দিনের মধ্যে আমরা আমাদের স্থাপনা সহ যাবতীয় অবকাঠামো নিজ খরছে ও নিজেদের দায়িত্বে ভেঙে সরিয়ে নিয়ে ভূমি খালি করিয়া দিবো। অতএব, হজুর সমীপে বিনীত প্রার্থনা এই যে, ক্ষতিপূরণের অর্থ প্রদানের পর সকল স্থাপনা ও অবকাঠামো এবং অন্য স্থানে স্থান্তরিত হওয়ার জন্য ৯০ দিনের সময় প্রদানের জন্য আকুল আবেদন করছি। সংযুক্তি ঢাকা জেলা প্রশাসক কতৃক প্রেরন কৃত ৪ ধারা, ৭ ধারা ও ৮ ধারা নোটিশ এর কপি। নিবেদক ১. খন্দকার সাফারু জ্জামান ২. খন্দকার আনিছুর জ্জামান ৩. খন্দকার মনিরু জ্জামান ৪. খন্দকার দেলোয়ারা বেগম</p>	


৩১/০১/২২
Md. Moheuddin
Assistant Programmer
Bangladesh Bridge Authority